দৈনিক ইত্তেফাক

তারিখ 28 JUL 2008
পৃঃ ১৮ কলাম ৭

# শিক্ষা অধিদফতরের চার সাবেক কর্মকর্তাকে খুঁজছে দুদক

।। ইত্তেফাক রিপোর্ট ।।

দুর্নীতি ও অনিয়মের সঙ্গে জড়িত শিক্ষা অধিদফতরের চার সাবেক উপ-পরিচালক এবং সহকারী পরিচালককে খুঁজছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। শিক্ষাখাতে দুর্নীতির সন্ধানে গঠিত দুদকের বিশেষ দল অনুসন্ধান চালিয়ে এই ছয় কর্মকর্তাসহ বেশ কয়েকজনের বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ পেয়েছে। (১৫শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা অধিদফতরের চার

(১৬শ পৃঃ পর)

দুদক সূত্র জানায়, এসব কর্মকর্তা অবসরে চলে গেছেন। এদের শিক্ষা অধিদফতরের দেয়া নাম-ঠিকানায় তাদের পাওয়া যায়নি। তবে অধিদপ্তরের দেয়া ঠিকানা অনুযায়ী দুর্নীতির সঙ্গে জড়িত অপর দুই কর্মকর্তাকে খুঁজে পাওয়া গেছে। কিন্তু চার কর্মকর্তার কোন বর্তমান ঠিকানা শিক্ষা অধিদপ্তরের জানা নেই। স্থায়ী ঠিকানার সূত্র ধরে তাদের খোঁজা হচ্ছে। শিক্ষা-প্রতিষ্ঠানের এমপিওভুক্তি ও শিক্ষক নিয়োগ দুর্নীতির সঙ্গে এরা জড়িত রয়েছেন বলে প্রাথমিক অনুসন্ধানে প্রমাণ মিলেছে।